

০৫/০৬/২০২৪
ইব্রাহীম খান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৭.১২.০৭৬ (অংশ-৪).১৯- ২০৮

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ ১৪৩১
২৩ মে ২০২৪

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ১১/০১/২০২৪ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০৩১.২৩ (অংশ)-
০৪ নং স্মারকের সুপারিশক্রমে এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আলোকে
জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে (গ্রেড-১০) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের
আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর “সহকারী গ্রাফিক রিপ্রডাকশন অফিসার” পদে নিয়োগ ০১ (এক)
জন প্রার্থীকে শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	রেজিঃ নম্বর	প্রার্থীর নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
০১.	১১০৬২৫২৪	মোঃ সাইফুল ইসলাম কাজী পিতা: মোহাম্মদ কাজী মাতা: ওহিদা বেগম জন্ম তারিখ: ৭/১০/১৯৯৫	গ্রাম: টেংরাখোলা ডাকঘর: মুকসুদপুর-৮১৪০ উপজেলা: মুকসুদপুর জেলা: গোপালগঞ্জ	গোপালগঞ্জ

শর্তসমূহ:

- (০১) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ১৩ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ/ ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বরাবর যোগদান করতে হবে;
- (০২) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগে আগ্রহী নয় বিবেচনায় তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- (০৩) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকুরির প্রথম দু'বছর শিক্ষানবিশকাল (Probation) হিসেবে গণ্য হবে। সাফল্যজনক ভাবে শিক্ষানবিশকাল সমাপ্ত হওয়ার পর চাকুরি স্থায়ীকরণ করা হবে এবং এ বিষয়ে যথাসময়ে ও প্রযোজ্য ক্ষেত্রে পৃথক সরকারি আদেশ জারি করবে;
- (০৪) শিক্ষানবিশকালে তাঁর চাকুরি সন্তোষজনক বলে বিবেচিত না হলে সরকার কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করতে পারবে;
- (০৫) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর যোগ্যতার ঘাটতি যে কোন সময় ধরা পড়লে বা প্রার্থী দুর্নীতি বা জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে বা অসত্য তথ্য প্রদান করলে বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশিত বা প্রমাণিত হলে তাঁকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ও ফৌজদারি আইনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (০৬) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;

- (০৭) নিয়োগ প্রাপ্ত প্রার্থী নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেননা;
- (০৮) চাকুরিতে যোগদানকালে প্রার্থী যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প উপরে উল্লিখিত শর্তাবলীর বিষয়ে একমত পোষণপূর্বক অঙ্গীকারনামা দাখিল করবেন;
- (০৯) The Government Servants (Conduct) Rules, 1979 এর বিধি ১৩ এর উপবিধি (১) অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- (১০) নিয়োগ প্রাপ্ত প্রার্থী চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণভাতা/দৈনিকভাতা পাবেন না।
- ০২। জনস্বার্থে জারীকৃত এ নিয়োগ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



ড. শাহনাজ আরেফিন এনজিসি

সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ


০৯ জ্যৈষ্ঠ ১৪৩১

তারিখ:-----
২৩ মে ২০২৪

নং-৫২.০০.০০০০.০০৭.১২.০৭৬ (অংশ-৪).১৯-২০৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১ সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২ সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৩ মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৪ উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের কপি ২ কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের অনুরোধসহ)।
- ০৫ সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬ চিফ এক্সিকিউটিভ এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৭ প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮ প্রোগ্রামার, ওয়েবসাইট শাখা, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (প্রজ্ঞাপনটি বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯ জনাব মোঃ সাইফুল ইসলাম কাজী, পিতা: মোহাম্মদ কাজী, গ্রাম: টেংরাখোলা, ডাকঘর: মুকসুদপুর-৮১৪০, উপজেলা: মুকসুদপুর, জেলা: গোপালগঞ্জ।
- ১০ অফিস কপি /গার্ড নথি।


(এস.এম.সোহরাব হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭০৮৭